

# রবিবার থেকে ফের শুরু হচ্ছে চুয়েটের একাডেমিক কার্যক্রম

চুয়েট সংবাদদাতা

১১ মে, ২০২৪  
২২:৫২

শেয়ার

অ +

অ -



ছবি: কালের কণ্ঠ

দীর্ঘদিনের অনাকাঙ্ক্ষিত বন্ধের পর রবিবার (১২ মে) থেকে আবারো শুরু হচ্ছে চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম। ইতিমধ্যে বাড়ি থেকে ক্যাম্পাসে ফিরেছেন চুয়েটের অধিকাংশ শিক্ষার্থী।

এর আগে গত ২৬ এপ্রিল চুয়েটের ১৩৩তম জরুরি সিডিকেট সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ৯ মে পর্যন্ত সকল একাডেমিক কার্যক্রম বন্ধ ঘোষণা করে চুয়েট প্রশাসন। তবে এসময় পূর্ব ঘোষিত হল ত্যাগের নির্দেশ পরিবর্তন করে শিক্ষার্থীদের হলে থাকার অনুমতি দেওয়া হয়।

উল্লেখ্য, গত ২২ এপ্রিল সোমবার আনুমানিক বেলা সাড়ে ৩টায় চট্টগ্রামের রাঙ্গুনিয়া থানার জিয়ানগরে বাসের ধাক্কায় নিহত হয় চুয়েটের পুরকৌশল বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী শান্ত সাহা এবং একই বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী তৌফিক হোসাইন। এ ছাড়া গুরুতর আহত হয় একই বিভাগের দ্বিতীয় বর্ষের আরো এক শিক্ষার্থী জাকারিয়া হিমু।

সহপাঠীদের মৃত্যুর সংবাদ শোনার পর চুয়েটের শিক্ষার্থীরা সেদিন সন্ধ্যায় শাহ আমানতের তিনটি বাস আটক করে। প্রথমে একটি ও পরে বাকি দুইটি বাসেই আগুন দিয়ে ১০ দফা দাবি নিয়ে আন্দোলন শুরু করেন।

শিক্ষার্থীদের আন্দোলনে জেরে ২৫ এপ্রিল একাডেমিক কাউন্সিলের মিটিংয়ের মাধ্যমে অনির্দিষ্টকালের জন্যে একাডেমিক কার্যক্রম বন্ধ করে শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দেওয়া হয়। পরবর্তীতে সিডিকেট সভার মাধ্যমে এই সিদ্ধান্ত পরিবর্তন করে চুয়েট প্রশাসন।